

**April
2023**

Newspaper Clips

based on

**The Hindu | Times of India | Economic Times | Financial
Express | The Telegraph | Deccan | The Statesman | The
Tribune | The Asian Age | The Pioneer | Free Press
Journal | Aajkaal | Anandabazar Patrika | Ekdin |
Sanmarg | Eisamay | Business Line | Sangbad Pratidin |**



**Chittaranjan National Cancer Institute
CNCI Library**

Date: 03/04/2023

Fundraising event for cancer April 14 - The Asian Age, 3rd April 2023

Fundraising event for cancer April 14

New Delhi: The Indian cancer society, Delhi branch and Jyotsna Shourie dance company are coming together to host a fundraising event for cancer patients in need. The event, titled "Unmasked: When Ravana Walked the Earth," will take place on April 14, at the Kamani Auditorium in New Delhi. The event aims to raise funds for cancer patients who cannot afford medical treatment. All proceeds from the event will go to the Indian cancer society, Delhi branch. The event is open to all, and tickets can be purchased online or at the venue. Speaking about the event, Jyotsna Shourie said, "As performers, we strive for innovative ideas that widen the frontiers of our classical arts while sustaining their core authenticity."

পাউডার থেকে ক্যানসার, মেটাতে ৭৩০ হাজার দিয়ে নিষ্পত্তির চেষ্টা - দৈনিক
স্টেটসম্যান, 6th April 2023

পাউডার থেকে ক্যানসার, মেটাতে ৭৩০ হাজার দিয়ে নিষ্পত্তির চেষ্টা

‘জনসন অ্যান্ড জনসন’ বেবি পাউডার। কয়েক বছর ধরেই বিতর্ক অব্যাহত থাকে যিরে। ওই পাউডারে অ্যাসবেস্টসের নমুনা পাওয়া গিয়েছে। অ্যাসবেস্টস শিশু শরীরের জন্য অত্যন্ত ক্ষতিকারক। এর সংস্পর্শে এলে ক্যানসার পর্যন্ত হতে পারে। এমন দাবি যিরেই চলছে বিতর্ক। এই সংক্রান্ত মামলাগুলি শেষ করতে এবার ৮৯০ কোটি মার্কিন ডলারের মাধ্যমে সমঝোতার প্রস্তাব দিল সংস্থাটি। ভারতীয় মুদ্রায় যার পরিমাণ ৭৩ হাজার ৮৬ কোটি টাকা।

নিউ জার্সির সংস্থাটির বক্তব্য, দেউলিয়া আদালত যদি তাদের প্রস্তাবে অনুমোদন দেয় তাহলে এর মাধ্যমে ‘কসমেটিক ট্যাক্স’ সংক্রান্ত মামলাগুলির সব দাবির ন্যায়পূর্ণ সমাধান হবে। যদি শেষ পর্যন্ত তাদের দাবি অনুমোদন পায়, তাহলে



তা হবে মার্কিন ইতিহাসে কোনও পণ্যের ক্ষেত্রে অন্যতম বৃহৎ অঙ্কের সমঝোতা। ওই অর্থ সমস্ত মামলাকারীদের মধ্যে ভাগ করে দেওয়া হবে সংস্থার তরফে প্রস্তাব দেওয়া হয়েছে।

উল্লেখ্য, ২০২০ সালের মে মাস

থেকে আমেরিকা ও কানাডায় বন্ধ এই পাউডারের বিক্রি। যদিও জনসন অ্যান্ড জনসনের তরফে কখনওই ওঠা অভিযোগকে স্বীকার করা হয়নি। বরং তাদের দাবি, যে অভিযোগ করা হচ্ছে তার সপক্ষে তেমন কোনও মজবুত বৈজ্ঞানিক

ভিত্তি নেই।

১৮৯৪ সাল থেকে ‘জনসন অ্যান্ড জনসন’ বেবি পাউডার বিক্রি হয়ে চলেছে। পরিবারবন্ধুর প্রতীক হয়ে ওঠায় সংস্থার প্রতীকী পণ্য হয়ে উঠেছিল এটিই। কিন্তু আমেরিকার ৩৫ হাজার মহিলা জরায়ুর ক্যানসারের জন্য ওই সংস্থাকে দায়ী করে মামলা দায়ের করার পর থেকেই মার্কিন মূল্যে ক্রমেই কমতে শুরু করে পাউডারটির চাহিদা। সেই থেকে পরিস্থিতি ক্রমেই প্রতিকূল হয়েছে। আমেরিকার এক আদালত সংস্থাকে ১৫ হাজার কোটি টাকার জরিমানার ‘সাজা’ দিয়েছিল। আদালতের বক্তব্য ছিল, সংস্থাটি শিশুদের পণ্য নিয়ে রীতিমতো ছেলেখেলা করেছে। বিচারক এমনও জানিয়েছিলেন, এই অপরাধের শাস্তি কেবল অর্থের জরিমানাতেই শেষ হতে পারে না।

Date: 07/04/2023

BERLUSCONI DIAGNOSED WITH LEUKAEMIA - The Asian Age, 7th April 2023

BERLUSCONI DIAGNOSED WITH LEUKAEMIA

Milan, April 6: Four-times Italian prime minister Silvio Berlusconi has been diagnosed with leukaemia, a source close to the matter said on Thursday, a day after he was admitted to intensive care with problems related to breathing.

The 86-year-old, whose media empire has made him a billionaire, is being treated in a cardiac unit of Milan's San Raffaele hospital.

There has been no official comment on his condition. Leukaemia is a cancer of the blood cells.

Berlusconi's Forza Italia party is part of Prime Minister Giorgia Meloni's right-wing coalition.

বাবা লড়ছেন ক্যান্সারে, সুযশ নাইট জার্সিতে – আজকাল, 8th April 2023

বাবা লড়ছেন ক্যান্সারে, সুযশ নাইট জার্সিতে

আজকালের প্রতিবেদন

কলকাতা নাইট রাইডার্সের হয়ে বৃহস্পতিবার অভিষেক সেরে ফেলেছেন সুযশ শর্মা। ইমপ্যাক্ট প্লেয়ার হিসেবেই হোক না, তবে প্রথম ম্যাচের পরই সাড়া ফেলে দিয়েছেন। দিল্লির এই ১৯ বছরের ক্রিকেটারের প্রথম শ্রেণির ক্রিকেটের সামান্যতম অভিজ্ঞতা নেই। এমন দৃষ্টান্ত ১৬ বছরের আইপিএলে বিরল। নাইট রাইডার্স অধিনায়ক নীতীশ রানা দীর্ঘদিন ধরে দিল্লির ঘরোয়া ক্রিকেট খেলছেন। রয়্যাল চ্যালেঞ্জার্স বাদ্দালোর ম্যাচ শেষে তাঁর মুখেও শোনা গেল, ‘সুযশ বলে যে কোনও ক্রিকেটার রয়েছে, জানতামই না। এখানে এসে ওর সঙ্গে আলাপ হল। যেমন ভাল বোলার, তেমন মজার মানুষ।’

ভারতের ঘরোয়া ক্রিকেটে দিল্লির দুর্নীতি ও বিতর্ক বিশ্বখ্যাত। স্বজনপোষণ যেখানে রোজনামচার বিষয়, গডফাদার-হীন সুযশের জন্য প্রতি পদে পদে অপেক্ষা করেছিল বাধা। গত বছর থেকে তাঁর ক্রিকেটীয় লড়াই শতগুণ কঠিন হয়েছে। বাবা মারণব্যাধি ক্যান্সারে আক্রান্ত। নিম্ন মধ্যবিত্ত পরিবারের পক্ষে ক্যান্সারের মতো রোগের চিকিৎসার খরচ বহন করা প্রায় অসম্ভব। সুযশের পাশে থেকেছেন মুম্বই ইন্ডিয়ান্সের স্কাউটিং ম্যানেজার রাহুল সান্ড্বি। মুম্বইয়ে চিকিৎসা চলে বাবার।

দিল্লির ক্লাব ক্রিকেটের পরিচিত নাম রণধীর সিংয়ের কাছে ক্রিকেট পাঠ নিচ্ছেন। রণধীর জানানেন, ‘সুযশের যাত্রা সহজ ছিল না। দিল্লির প্রাক্তন স্পিনার



কেক কাটলেন সুযশ। ছবি: টুইটার

সুরেশ বাত্রার ছাত্র ছিল। কোভিডে আমরা সুরেশজিকে হারিয়েছি। ম্যাচ প্র্যাকটিসের জন্য তারপর ও আমার কাছে এসেছিল।’ দুয়েকটি ক্লাবে খেলেওছেন। তবে মুম্বই, কলকাতা, চেন্নাইয়ের মতো ভারতের অন্যান্য শহরে ক্লাব ক্রিকেট খেলে যেমন টাকা পাওয়া যায়, দিল্লিতে সে সবেবের বালা নেই।’ বৃহস্পতিবার রাতে নীতীশ রানা স্পষ্ট করে দিয়েছেন, সুযশকে ইমপ্যাক্ট প্লেয়ার নয়। খুব শীঘ্রই মূল একাদশেই দেখা যাবে।

জটিল রোগের চিকিৎসায় নয়া যন্ত্র পিজি-র বক্ষরোগ বিভাগে - আনন্দবাজার পত্রিকা,
8th April 2023

জটিল রোগের চিকিৎসায় নয়া যন্ত্র পিজি-র বক্ষরোগ বিভাগে

নিজস্ব সংবাদদাতা

দু'টি ফুসফুসের মাঝের গ্রন্থিগুলিতে বা শ্বাসনালির কোনও জটিল অংশে ক্যানসার বাসা বেঁধেছে কি না, এক্স-রে কিংবা সিটি স্ক্যানেও সব সময়ে তা ঠিক মতো বোঝা যায় না। ফলে নির্দিষ্ট ভাবে বায়প্সি ও রোগ নির্ণয়ে অনেক সময়েই সমস্যা হয়। এরই সমাধানে এন্ডোব্রঙ্কিয়াল আলট্রাসোনোগ্রাফি (ই-বাস) পরিষেবা চালু করল এসএসকেএম হাসপাতাল। যেখানে আলট্রাসাউন্ডের মাধ্যমে ফুসফুসের জটিল ধরনের ক্যানসার নির্ণয় করা সম্ভব হবে।

হাসপাতাল কর্তৃপক্ষ জানাচ্ছেন, সম্প্রতি পালমোনারি মেডিসিনে ডিএম কোর্স-সহ বিভিন্ন অত্যাধুনিক যন্ত্র এনে ঢেলে সাজানো হয়েছে বক্ষরোগ বিভাগকে। সেখানকার প্রধান চিকিৎসক সোমনাথ কুণ্ডু জানান, সম্প্রতি রেসপিরেটরি মেডিসিন বিভাগে ভিডিয়ো ব্রঙ্কোস্কোপি এবং থোরাকোস্কোপি চালু হয়েছে। কারও প্লুরায় জল জমলে সেটির বায়প্সিতে বিশেষ ভূমিকা নেবে ভিডিয়ো থোরাকোস্কোপি। আবার করোনায় সাফল্য পাওয়ার পরে পিজি-র অ্যানেক্স শল্চনাথ পণ্ডিত হাসপাতালে শিক্ষক-চিকিৎসক অমিতাভ সেনগুপ্তের নেতৃত্বে পুরোদমে পালমোনারি মেডিসিন বিভাগ চালু হয়েছে। সেখানেই 'ই-বাস'-সহ আরও অত্যাধুনিক যন্ত্রপাতি আনা হয়েছে।

সোমনাথের কথায়, “ওই সমস্ত যন্ত্রপাতির মাধ্যমে ব্রঙ্কাস বা ট্রাকিয়ার টিউমার ও অন্যান্য জটিল রোগে নির্ণয় ও নিরাময় সম্ভব হবে। এবং আগামী দিনে গুরুত্বপূর্ণ গবেষণার পথ দেখাবে।” পালমোনারি ও রেসপিরেটরি, দু'টি বিভাগেই চালু করা হয়েছে ইন্টেনসিভ কেয়ার ইউনিট।

রাজ্যের সমস্ত ক্যানসার রোগীর তথ্য একত্রিত করতে উদ্যোগী সরকার -

আনন্দবাজার পত্রিকা, 8th April 2023

রাজ্যের সমস্ত ক্যানসার রোগীর তথ্য একত্রিত করতে উদ্যোগী সরকার

নিজস্ব সংবাদদাতা

রাজ্যের বিভিন্ন প্রান্তে ছড়িয়ে-ছিটিয়ে রয়েছেন অসংখ্য ক্যানসার রোগী। তাদের সকলের তথ্য নথিভুক্ত করতে চায় স্বাস্থ্য দফতর। যাতে বোঝা যায়, জনসংখ্যার নিরিখে কত জন কী ধরনের ক্যানসারে আক্রান্ত। সেই লক্ষ্যেই ‘ক্যানসার রেজিস্ট্রি প্রোগ্রাম’ চালু করেছে স্বাস্থ্য দফতর। শেষ এক বছরে এই কর্মসূচিতে গতি এসেছে বলে খবর। শুক্রবার পর্যন্ত ১৯ হাজার ৯০৫ জন ক্যানসার রোগীর নাম ও তথ্য নথিভুক্ত করা হয়েছে।

২০২০ সালের ফেব্রুয়ারিতে এই কর্মসূচি চালু হয় রাজ্যে। প্রথম দিকে বিষয়টি ছিল হাসপাতাল-কেন্দ্রিক। পরে রাজ্যের যে কোনও প্রান্তে, যেখানে ক্যানসারের চিকিৎসা হচ্ছে, সেখানে কোনও রোগী গেলেই তাঁর তথ্য এই কর্মসূচির পোর্টালে নথিভুক্ত করায় জোর দেয় রাজ্য। মেডিক্যাল কলেজের পাশাপাশি বেসরকারি জেলা হাসপাতাল ও বেসরকারি হাসপাতালও ওই পোর্টালে রোগীদের তথ্য নথিভুক্ত করছে। তাতে ৯৮৪৭ জন পুরুষ ও ১১৫১ জন মহিলা রোগীর তথ্য রয়েছে। এদের মধ্যে বৃক্ষ ও স্তন ক্যানসারে আক্রান্তের সংখ্যাই (৩৯৫৩) সব থেকে বেশি। এর পরেই আছে তলপেটের ক্যানসার (২৭২৪) এবং ‘হেড অ্যান্ড নেক’ ক্যানসার (২৩৯৩)। নীলরতন সরকার মেডিক্যাল কলেজের রেডিয়েশন অঙ্কোলজি বিভাগের প্রধান চিকিৎসক শ্রীকৃষ্ণ মণ্ডল বলেন, “কোনও ক্যানসার রোগী যেখানেই যাবেন, তাঁর তথ্য এক জন অচিকিৎসকও নথিভুক্ত করতে পারবেন। রোগী-পিছু নির্দিষ্ট আইডি দেওয়া হচ্ছে। পোর্টালে ওই আইডি দিলেই রোগীর সব তথ্য পাওয়া যাবে।”

তিনি জানান, পোর্টালে যাঁদের তথ্য নথিভুক্ত হয়েছে, তাঁদের উপরে নজর রাখাও সম্ভব হচ্ছে। ধীরে ধীরে বিভিন্ন বেসরকারি হাসপাতালও এই কর্মসূচিতে যুক্ত হয়েছে। জেলা হাসপাতালেও সপ্তাহে দু’দিন ক্যানসার বহির্বিভাগ ও এক দিন বিভিন্ন বিশেষজ্ঞদের নিয়ে তৈরি বোর্ড বসানোর নির্দেশ দিয়েছে স্বাস্থ্য দফতর। সেখানে শল্য, ইএনটি, ক্রী-রোগ, রেডিয়োলজি, প্যাথলজি এবং ক্লিনিক্যাল অঙ্কোলজিস্টরা থাকবেন।

ওই চিকিৎসকদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে ক্যানসার চিহ্নিতকরণ ও চিকিৎসা সম্পর্কে। দ্বিতীয় পর্যায়ে শিগগিরই তাঁরা কাজ শুরু করবেন। তৃতীয় পর্যায়ে শহরের ক্যানসার শল্য চিকিৎসকেরা জেলা হাসপাতালে গিয়ে অস্ত্রোপচারের প্রশিক্ষণ দেবেন। জেলা হাসপাতালে আসা কোনও রোগীর ক্যানসার সন্দেহ হলে, তাঁকে পাঠানো হবে বোর্ডের কাছে। সেখানেই যাবতীয় পরীক্ষা ও চিকিৎসা হবে। তবে, জেলা হাসপাতালে চিকিৎসা করা না গেলে বোর্ড তার কারণ লিখিত ভাবে জানাবে। সেই নথি নিয়েই আরও বড় হাসপাতালে যাবেন রোগী। জেলার হাসপাতালেও বায়প্সির প্রশিক্ষণ শুরু হয়েছে। ডাক্তারির স্নাতকোত্তর পড়ুয়াদের তিন মাস গ্রামে গিয়ে পরিষেবা দেওয়ার মধ্যে এক মাস ক্যানসার চিকিৎসায় লাগানো হবে। স্তন ক্যানসার শল্য চিকিৎসক দীপেন্দ্র সরকার বলেন, “দেশে প্রায় ৫০ শতাংশ ক্যানসার রোগীর মৃত্যুর প্রধান কারণ চিকিৎসায় বিলম্ব। দ্রুত রোগ নির্ণয় ও চিকিৎসা শুরুর জন্য এই সমস্ত পদক্ষেপ খুবই কার্যকরী হবে।”

NCW ex-Chairperson Dr Poornima Advani succumbs to cancer – The Statesman, 8th April 2023

NCW ex-Chairperson Dr Poornima Advani succumbs to cancer: Noted lawyer Dr Poornima Advani, who was former Chairperson of the National Commission for Women (NCW), passed away in a private hospital after a two-year long battle with cancer, an aide said in Mumbai on Friday. She was 63 and breathed her last on April 1 at the Breach Candy Hospital. She is survived by medico husband Dr Shailesh Hathi and their teenaged daughter Poojita. In 1997, the Mumbai-based Dr Advani authored a book 'Indian Judiciary: A Tribute' and was conferred the Acharya Tulsi Kartitva Puraskar (2003).

২০৩০- এর মধ্যে টিকা ক্যাম্বারের - আজকাল, 8th April 2023



২০৩০-এর মধ্যে টিকা ক্যাম্বারের

আজকালের প্রতিবেদন

দিল্লি, ৮ এপ্রিল

২০৩০-এর মধ্যে ক্যাম্বারের টিকা আসছে। টিকা আনছে মডার্না। একইসঙ্গে হৃদরোগ এবং প্রতিরোধ ক্ষমতা নষ্ট করে দেওয়া অটোইমিউন ডিজিজের টিকাও আনছে। ‘দ্য গার্ডিয়ান’ পত্রিকায় প্রকাশিত খবর অনুযায়ী, প্রাথমিক পর্যায়ে কাজ শুরু হয়েছে। গত ১৮ মাস ধরে তা চলেছে। এবং আশা জাগাচ্ছে।

মডার্না-র চিফ মেডিক্যাল অফিসার ডাঃ পল বার্টিন ‘দ্য গার্ডিয়ান’-কে জানিয়েছেন, আর পাঁচ বছরের মধ্যে প্রায় সবরকম রোগ প্রতিরোধের টিকা তৈরি করতে পারবে তাঁর সংস্থা। আরও জানিয়েছেন, তাঁরা এমন একটি টিকা তৈরি করছেন, যা নানা ধরনের ক্যাম্বারের বিরুদ্ধে কার্যকর হবে। ডাঃ বার্টিনের কথায়, ‘কোটি কোটি না হলেও, লক্ষ

মডার্নার দাবি

লক্ষ মানুষের ক্ষেত্রে প্রাণদায়ী হবে এই টিকা। সারা বিশ্বের মানুষ তার সুফল পাবেন।’

কিছু কিছু অসুখের ওষুধ তৈরি না হওয়ায় তা আরএনএ থেরাপি দিয়ে চিকিৎসা করা হয়। এই থেরাপিতে রক্ত কণিকাগুলোয় প্রোটিন তৈরি হয়, যা প্রতিরোধ ক্ষমতা গড়ে তোলে। মডার্না-র ক্যাম্বার টিকাও আরএনএ ভিত্তিক। ডাঃ বার্টিনের কথায়, ‘আগামী ১০ বছরে জিনগত অসুখের প্রকৃত কারণের হৃদিশ পাওয়া যাবে, তার নিরাময়ও সহজ হবে।’

কীভাবে কাজ করবে মডার্না-র টিকা? আরএনএ ভিত্তিক টিকাটি শরীরে তৈরি হওয়া ক্যাম্বারের কোষগুলো চিহ্নিত করবে, তাতে আক্রমণ করবে, যাতে সুস্থ কোষগুলো সুস্থই থেকে যায়। টিকায় মজুত মৌল কোষগুলোকে প্রোটিন তৈরি করার নির্দেশ দেবে। আরএনএ মৌল ক্যাম্বার কোষের স্তরে প্রোটিনের অংশ চিহ্নিত করে তা সুস্থ কোষগুলোতে নেই। এই টিকায় আসলে প্রতিরোধক ক্ষমতা তৈরি হবে।

মডার্না-র হৃদরোগ এবং রোগ প্রতিরোধক টিকাও এমআরএনএ বিজ্ঞানের ওপর নির্ভর করেই তৈরি হবে। অত্যন্ত সাকল্যের সঙ্গে করোনার টিকা তৈরি করেছে মডার্না। তার থেকে শিক্ষা নিয়ে, গবেষণা করে এবার তৈরি করছে ক্যাম্বারের টিকা।

SSKM first to undertake oncology experiment — The Statesman, 9th April 2023

SSKM first to undertake oncology experiment

TARUN GOSWAMI
KOLKATA, 8 APRIL

If things go as planned, SSKM Hospital will be on the world map due to its path-breaking role in cancer research.

The SSKM hospital has been selected as the first global centre, where the new experiment will be carried out and the second centre will be London.

In both the cases two Bengali doctors, namely Dr Partha Basu and Dr Debashis Bose are playing major roles.

Portable Ultrasound (PUS) devices can detect breast can-

cer instantly.

One end of the device has a probe and it is placed on the breast and the other end is cordless. It is connected with an app, which helps in detecting lump in breast instantaneously.

The World Health Organization (WHO) has presented two such devices, worth Rs 10 lakh each, to SSKM hospital. The hospital is waiting for a nod from the ministry of health, which is expected any time, said Professor Dr Dipendra Sarkar, surgical oncologist, SSKM Hospital.

The experiment will be



carried out on 200 women and that will be monitored by WHO in France. Dr Partha Basu, is the global head of the Internal Agency for Research in Cancer (IARC) of WHO.

Experts from WHO had come to SSKM in January and trained the doctors. It will give 20,000 Euro to the West Bengal government to carry out the research.

Dr Sarkar said if the device becomes successful, it will be a path-breaking event in the treatment of breast cancer. Mammogram, which is commonly done to detect lumps in breasts, is effective for women who are above 50 years and above.

This device will be able to detect cancer in women who are below 50 years. WHO experts who had come to the

city had expressed satisfaction with the infrastructure.

Presidency General (PG) Hospital became known to the world after Ronald Ross discovered the transmission of malaria in human beings at this hospital, which fetched him a Nobel Prize in physiology or medicine in 1902.

Two city doctors, Dr Kedar Chandra Das and Dr Upen-dranath Bramhachari, who were teachers at the Carmichael Medical College, now known as the RG Kar Medical College and hospital, for their inventions of forceps and medicine for Kala Azar.



Vaccines for cancer, heart disease to be ready by end of decade- The Statesman, 9th April 2023

Vaccines for cancer, heart disease to be ready by end of decade

INDO-ASIAN NEWS SERVICE
LONDON 08 APRIL

Millions of lives could be saved by a groundbreaking set of new vaccines for a range of conditions including cancer, experts have said.

A leading pharmaceutical firm said it is confident that jabs for cancer, cardiovascular and autoimmune diseases, and other conditions will be ready by 2030, the Guardian reported. Studies into these vaccinations are also showing "tremendous promise", with some researchers saying 15 years' worth of progress has been "unspooled" in 12 to 18 months thanks to the success of the Covid jab.

Paul Burton, the chief medical officer of pharmaceutical company Moderna, said he believes the firm will be able to offer such treatments for "all sorts of disease areas" in as little as five years.

The firm, which created a leading coronavirus vaccine, is developing cancer vaccines that target different tumour types, the Guardian



reported.

Burton said: "We will have that vaccine and it will be highly effective, and it will save many hundreds of thousands, if not millions of lives. I think we will be able to offer personalised cancer vaccines against multiple different tumour types to people around the world."

He also said that multiple respiratory infections could be covered by a single injection -- allowing vulnerable people to be protected against Covid, flu and respiratory syncytial virus (RSV) -- while mRNA therapies could be available for rare diseases for which there are currently no drugs, the Guardian reported.

Therapies based on mRNA work by teaching cells how to make a protein that triggers the body's immune response against disease.



ক্যান্সার চিকিৎসায় জোর দিতে আরও নিয়োগ স্বাস্থ্য দপ্তরের – আজকাল, 10th April 2023

ক্যান্সার চিকিৎসায় জোর দিতে আরও নিয়োগ স্বাস্থ্য দপ্তরের

আজকালের প্রতিবেদন

ক্যান্সারের চিকিৎসায় জোর দিতে রাজ্যে নতুন করে ফিজিশিট-কাম-রেডিয়েশন সফট অফিসার নিয়োগ করা হল। ৯ জনের তালিকা প্রকাশ করেছে স্বাস্থ্য দপ্তর। মেদিনীপুর মেডিক্যালে ১, সাগর দত্ত হাসপাতালে ২, বর্ধমান মেডিক্যালে ১, মুর্শিদাবাদ মেডিক্যালে ১, মালদা মেডিক্যালে ২, উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজে ১ এবং এসএসকেএমে ১ জনকে পোস্টিং দেওয়া হয়েছে। নির্দেশিকা প্রকাশের এক মাসের মধ্যে প্রার্থীদের সংশ্লিষ্ট মেডিক্যাল কলেজ কর্তৃপক্ষের সঙ্গে বোঝাযোগ করতে বলা হয়েছে। জেলা স্তরের সব হাসপাতালেই পৃথকভাবে ক্যান্সারের ইউনিট খোলার সিদ্ধান্ত নিয়েছে স্বাস্থ্য দপ্তর। তার

জন্য ২৪ মার্চ থেকে বিভিন্ন বিভাগের চিকিৎসক, হাসপাতালের সুপার, ডেপুটি সুপার, সহকারী সুপারদের স্বাস্থ্য ভবনে প্রশিক্ষণ দেওয়ার কাজও শুরু হয়েছে। সব হাসপাতালের সহকারী সুপারদের মধ্যে থেকে একজনকে ঠিক করা হবে নোডাল অফিসার হিসেবে। স্পোক অ্যান্ড হাব মডেল অনুসরণ করা হবে। মেডিক্যাল কলেজগুলি হাব হিসেবে কাজ করবে। যে কারণে মেডিক্যাল কলেজগুলির ক্যান্সার বিভাগের পরিকাঠামো উন্নয়নের দিকে জোর দিচ্ছে স্বাস্থ্য দপ্তর। কলেজগুলির সঙ্গে সংযুক্ত যে হাসপাতালগুলিকে করা হয়েছে সেগুলি স্পোক হিসেবে পরিষেবা দেবে। রাজ্যের ২৪টি সরকারি মেডিক্যাল কলেজের সঙ্গে প্রাথমিকভাবে ১৪টি জেলা হাসপাতালকে সংযুক্ত করা হয়েছে।

Date: 10/04/2023

ক্যান্সার রুখতে শরীর কি সক্ষম, জানাল কলকাতা - এই সময়, 10th April 2023


ক্যান্সার রুখতে শরীর কি সক্ষম, জানাল কলকাতা

অনিবার্ণ ঘোষ

এ চিকিৎসার নাম ইমিউনোথেরাপি। এতে ক্যান্সার আক্রান্ত শরীরের নিজস্ব ইমিউনিটি বা রোগ প্রতিরোধ ক্ষমতা অনেকটা বাড়িয়ে তুলে ক্যান্সার আক্রান্ত কোষগুলিকে নিক্ষেপ করা হয়। অনেক রকম ক্যান্সারের ক্ষেত্রেই সবচেয়ে অত্যাধুনিক ও কার্যকর

ইমিউনোথেরাপি

চিকিৎসা বলে ইমিউনোথেরাপি এখন স্বীকৃত সারা দুনিয়ায়। এর মধ্যে সবচেয়ে প্রচলিত হলো অ্যান্টি-পিডি১ থেরাপি যা ২০১৮ সালে জিতে নিয়েছিল নোবেল পুরস্কার। কিন্তু অত্যন্ত মহার্ঘ এই চিকিৎসা সকলের ক্ষেত্রে কাজ করে না। ফলে অনেকের ক্ষেত্রেই নষ্ট হয় অর্থ ও বহুমূল্য সময়। কার শরীরে এই থেরাপি কাজ করবে আর কার শরীরে কাজ করবে না, সেই পথটাই এবার



চিনিয়ে দিল কলকাতার একটি কেন্দ্রীয় প্রতিষ্ঠানের গবেষকরা।

চিশুরঞ্জন ন্যাশনাল ক্যান্সার ইনস্টিটিউটের (সিএনসিআই) একদল গবেষক আবিষ্কার করলেন এমন একটি উপায়, যার দ্বারা সহজেই বোঝা যায়, সংশ্লিষ্ট ক্যান্সার

আক্রান্তের শরীরে অ্যান্টি-পিডি১ ইমিউনোথেরাপি কাজ করবে কি না। শুধু তা-ই নয়, যাঁদের শরীরে তা কাজ করবে না, তাঁদের ক্ষেত্রেও একটি বিকল্প চিকিৎসার রাস্তার হদিশ দিয়েছেন ওই গবেষকরা। তাঁদের সেই কাজ গবেষণাপত্রের আকারে সম্প্রতি প্রকাশিত হয়েছে বিখ্যাত মার্কিন বিজ্ঞানপত্রিকা 'ক্যান্সার রিসার্চ' জার্নালে। এই গবেষণার কথা প্রকাশ্যে আসতেই তা বাহবা কুড়িয়ে নিয়েছে চিকিৎসক মহলে। কেননা, গবেষকদের দেখানো পথ অনুসরণ করলে একদিকে যেমন বেশ কয়েক ধরনের ক্যান্সার থেকে নিশ্চিত নিরাময়ের আশা থাকে অনেকটা, তেমনই আবার বন্ধ হয় অর্থ ও সময়ের অপচয়।

গবেষকরা জানাচ্ছেন, এই অ্যান্টি-পিডি১ থেরাপি স্তন, গর্ভাশয়, জরায়ুমুখ, ফুসফুস, ত্বক, খাদ্যনালী,

► এরপর তিনের (এই শহর) পাতায়

শরীর কি ক্যান্সার রোধে সক্ষম

► প্রথম পাতার পর

কিছুদিন ইত্যাদির ক্যান্সারকে শুধু প্রতিহতই করে না, নির্মূলও করে অনেকাংশে। প্রকল্পের মুখ্য গবেষক, সিএনসিআই-এর ইমিউনোরেগুলেশন ও ইমিউনোডায়নামিক বিভাগের প্রাক্তন প্রধান সখীন্দ্রনাথ বড়াল বলেন, 'অ্যান্টি-পিডি১ থেরাপির মতো বহুমূল্য চিকিৎসা শুরু করার আগে আমাদের দেখানো পথে রোগীকে স্ক্রিনিং করে নেওয়াই ভালো। যদি দেখা যায় রোগীর শরীরে টি-সেল নামের এক ধরনের ক্যান্সার-বাহক কোষের বাড়তি সংখ্যা রয়েছে, তখন অ্যান্টি-পিডি১ প্রয়োগ করলে লাভ হবে না। কেননা এই টি-সেল কোষগুলিই ইমিউনিটিকে ক্যান্সারের বিরুদ্ধে লড়ায়ে বাধা দেয়। ইমিউনোথেরাপির আগেই বিষয়টি বোঝা গেলে ঢাকা ও সময় নষ্ট হয় না। পার্শ্বপ্রতিক্রিয়া থেকে বাঁচা শরীরও।'



কী হবে সেই সব রোগীর ক্ষেত্রে, যাঁদের উপর কাজ করবে না এই ইমিউনোথেরাপি? সখীন্দ্রনাথ জানাচ্ছেন, তারও একটি সম্ভাব্য রাস্তার হদিশ মিলেছে তাঁদের এই গবেষণায়। তাঁর বাক্য্য, 'যে সব ক্যান্সার রোগীর শরীরে টি-সেল কোষ বেশি থাকে, তাঁদের ক্ষেত্রে দেখা যাচ্ছে, ওই কোষগুলিই ক্যান্সার ছড়িয়ে পড়তে সাহায্য করে। সেই কাজটি তারা করে জ্যান্ট-ও এবং এনআরপি-১ নামে দু'টি রাসায়নিকের সাহায্যে। যদি এই দু'টি রাসায়নিককে টার্গেট করে ওষুধ বানানো যায়, তা হলেই খেলা শেষ টি-সেলের। তখন আর অসুবিধা হবে না তাঁদের চিকিৎসাতেও, যাঁদের উপর অ্যান্টি-পিডি১ থেরাপি কাজ করছে না।'

গবেষকরা জানাচ্ছেন, এই জ্যান্ট-ও ও এনআরপি-১ প্রতিরোধক ওষুধ আবিষ্কার করাটাই তাঁদের গবেষণার পরবর্তী লক্ষ্য। তবেই তাঁদের কাজের যোলকলা পূর্ণ হবে। গবেষক দলে ছিলেন সিএনসিআই-এর রিসার্চ স্কলার মোহনা চক্রবর্তী, অধুনা মোহালির ন্যাশনাল ইনস্টিটিউট অফ ফরমাসিউটিক্যাল এডভান্সন অ্যান্ড রিসার্চের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর অনামিকা বসু এবং লন্ডন নোয়ের সেন্ট্রাল ড্রাগ রিসার্চ ইনস্টিটিউটের অ্যাসোসিয়েট প্রফেসর দীপক দত্ত। এই গবেষণা প্রকল্পটিতে আগাগোড়া উৎসাহ জুগিয়ে এসেছেন সিএনসিআই-এর অধিকর্তা জয়ন্ত চক্রবর্তী।

ক্যান্সার শস্য চিকিৎসক দৌতম মুখোপাধ্যায়, রেডিয়োথেরাপি বিশেষজ্ঞ সুবীর গঙ্গোপাধ্যায়, ব্রেস্ট ক্যান্সার সার্জন দীপেন্দ্র সরকারের মতো বিশিষ্ট চিকিৎসকরা এই কাজকে সাধুবাদ জানাচ্ছেন। তাঁদের মূল বক্তব্যের নিষাি হলো, বেশ কিছু ক্যান্সারের চিকিৎসায় আজকাল প্রথাগত কেমোথেরাপি কিংবা রেডিয়োথেরাপির চেয়েও ইমিউনোথেরাপিতে দারুণ কার্যকর ফল মেলে। কিন্তু সকলের ক্ষেত্রে মেলে না প্রত্যাশিত সাফল্য। কাদের ক্ষেত্রে তা উপযোগী, সেই রাস্তাটা চিনিয়ে দেওয়াই এই গবেষণার সবচেয়ে বড় ইতিবাচক দিক। এতে রোগী-পরিজন আর্থিক ভাবে লাভবান হবেন যেমন, তেমনই ক্যান্সার ছড়িয়ে পড়ার আগেই বিকল্প চিকিৎসার চেষ্টা করা সম্ভব হবে চিকিৎসকের পক্ষে।

Date: 10/04/2023

আন্তর্জাতিক জার্নালে মেডিক্যালের গাইডলাইন প্লাজমা ক্যানসার চিকিৎসায় ৪ বাঙালি ডাক্তারের স্বীকৃতি - সংবাদ প্রতিদিন, 10th April 2023

আন্তর্জাতিক জার্নালে মেডিক্যালের গাইডলাইন প্লাজমা ক্যানসার চিকিৎসায় ৪ বাঙালি ডাক্তারের স্বীকৃতি




ক্ষীরোদ
ভট্টাচার্য

রোগের নাম
'ওয়াল্ডেন স্ট্রম
ম্যাক্রোগ্লো-
বিউলিনেমিয়া'।
নাম যেমন
খটমটে। রোগও
তেমনই প্রাণঘাতী।
রক্তের মধ্যে থাকা
রক্তরস বা
প্লাজমার ক্যানসার।

দশ বছর আগে কলকাতা মেডিক্যাল কলেজে চালু করা চিকিৎসা পদ্ধতিকে স্বীকৃতি দিল আন্তর্জাতিক মার্কিন বিজ্ঞান পত্রিকা 'জার্নাল অফ ক্লিনিক্যাল অ্যাক্সেসেসিস' পত্রিকায় প্লাজমার ক্যানসারের চিকিৎসায় গাইডলাইন হিসাবে উল্লেখ করা হয়েছে দশবছর আগে মেডিক্যাল কলেজের চিকিৎসা পদ্ধতি। যে কাজে যুক্ত ছিলেন চার বাঙালি চিকিৎসক। বস্তুত, এশিয়ার প্রথম মেডিক্যাল শিক্ষাকেন্দ্র কলকাতা মেডিক্যাল কলেজের এই কাজে গর্বিত চিকিৎসক সমাজ।

আজ থেকে দশবছর আগে প্লাজমার ক্যানসার ছিল। কিন্তু চিকিৎসা বলতে ওষুধ। যদিও নিয়ম করে রক্তদান হত। রক্তের গ্রুপ ম্যাচ করা হত। দাতার থেকে রক্ত নিয়ে প্রাণও বাঁচত অনেকের। কিন্তু অন্যের রক্তরস বা প্লাজমাও যে ওষুধের থেকে দ্রুত কাজ করে। রোগীকে সুস্থ করে তোলে? প্লাজমার ক্যানসারে আক্রান্তকে নতুন জীবন দিতে পারে? এই তথ্যটা তেমন সড়গড় ছিল না দেশের চিকিৎসকদের কাছে। এমনই এক রোগী একদিন



■ বিষয়টি গবেষণাপত্র হিসাবে পাঠানো হয়েছিল মার্কিন বিজ্ঞান পত্রিকায়। দশ বছর পর স্বীকৃতি মেলায় উৎসাহিত চার বাঙালি চিকিৎসক।

হাজির হয় কলকাতা মেডিক্যাল কলেজের হেমাটোলজি অ্যান্ড ব্লাড ট্রান্সফিউশন মেডিসিন বিভাগে। দেখে শুনে রোগীর রক্ত পরীক্ষা করে ডা. প্রসূন ভট্টাচার্য ও তাঁর সহযোগীরা বুঝলেন ওষুধে রোগ নিরাময় হবে হবে তার কোনও গ্যারান্টি নেই।

তা হলে উপায়? প্রসূনবাবুর বাকি তিন সহযোগী চিকিৎসক ডা. বিপ্লবেন্দু তালুকদার, ডা. সোমনাথ মুখোপাধ্যায় এবং ডা. সৌরভ শঙ্খ দত্ত আলোচনা করে একটা উপায় বাতলালেন। রোগীর

রক্ত থেকে যদি সমস্ত প্লাজমা বের করে সুস্থ ব্যক্তির প্লাজমা সঞ্চারিত করা যায়? তাহলে নিশ্চয় রোগী বেঁচে যাবে।

যেমন বলা তেমন কাজ। রোগী ভর্তি হল। বিপ্লবেন্দুর কথায়, “কেটে গেলে রক্ত জমে খড় খোয়া জলের মতো আন্তরণ পড়ে। সেটাকেই বলে প্লাজমা। প্লাজমা সেল ডিজার্ডার হলে ক্যানসার তো বটেই যে কোনও সময়ে সেরিব্রাল স্ট্রোক, চোখ ঝাপসা হয়ে যাওয়া, এমনকী কিডনির সমস্যাও হতে পারে।” সৌরভ এখন কলকাতার একটি বেসরকারি হাসপাতালের হেমাটোলজির বিভাগীয় প্রধান। তাঁর কথায়, “প্লাজমার ঘনত্ব বেড়ে গেলে যেকোনও সময় রোগীর মৃত্যুও হতে পারে। সেই সময় দেশের কোথাও প্লাজমা বদলের রেওয়াজ ছিল না। মেডিক্যাল কলেজেই প্রথম আমরা রোগীর শরীর থেকে প্লাজমা পৃথক করে সেই জায়গায় সুস্থ ব্যক্তির প্লাজমা ট্রান্সফিউশন করি। শুধু প্লাজমা নয়। ওষুধের দোকান থেকে অ্যালবুমিন সংগ্রহ করে স্যালাইনের মাধ্যমে তা রোগীর শরীরে পাঠানো হয়।” সৌরভের কথায়, “অ্যালবুমিন মিশ্রিত অন্যের দেহের সুস্থ প্লাজমা অন্তত চারবার দেওয়া হয়েছিল। ক্রমশ সুস্থ হয়ে ওঠে সেই রোগী।” বিষয়টি গবেষণাপত্র হিসাবে পাঠানো হয়েছিল মার্কিন বিজ্ঞান পত্রিকায়। দশ বছর পর স্বীকৃতি মেলায় উৎসাহিত চার বাঙালি চিকিৎসক। সম্প্রতি সেই গাইডলাইন বিশ্বজুড়ে প্রকাশিত হয়েছে। উল্লেখ করা হয়েছে মেডিক্যাল কলেজ ও চার বাঙালি চিকিৎসকের নাম।

Date: 10/04/2023

Immunotherapy may not work for all cancer patients: Study – The Times of India, 10th April 2023

Immunotherapy may not work for all cancer patients: Study

Sumati.Yengkhom
@timesgroup.com

Kolkata: Immunotherapy — an expensive line of cancer treatment — may not work on a section of patients, according to a study by a group of doctors at Kolkata's Chittaranjan National Cancer Institute (CNCI). The researchers, who have identified possible reasons why the therapy does not work on some patients, have proposed an 'immunodiagnostic method' to improve its success rate.

The study, titled 'A new diagnostic approach to identify anti-PD1 therapy responder cancer patients', has been published in the journal 'Cancer Research', a publica-

KEY FINDINGS

- Immunotherapy does not work on all cancer patients
- T-TEX cells primarily responsible for failure of immunotherapy
- Patients with elevated T-TEX will not benefit
- Study suggests patients should be screened for T-TEX cells before immunotherapy is suggested to them

tion of the American Association for Cancer Research (AACR).

Immunotherapy is the newest branch of cancer treatment. It aims to rejuvenate immune components that otherwise get suppressed by

cancer. Anti-PD1 immunotherapy has gained positive response across the globe for a number of cancers, including melanoma, lung cancer, gastrointestinal cancers, kidney cancer, cervical cancer and breast cancer. But it's expensive, and can cost around Rs 15 lakh.

In India, the Drugs Controller General of India (DCGI) has approved the therapy for persistent, recurrent or metastatic cervical cancer and locally advanced inoperable or metastatic oesophageal carcinoma or HER-2 negative gastroesophageal junction adenocarcinoma.

► 'Screening must', P 4



Date: 10/04/2023

Cont...

Immunotherapy may not work for all cancer patients: Study – The Times of India, 10th April 2023

‘Screening must before therapy’

Sumati.Yengkhom
@timesgroup.com

Kolkata: The Chittaranjan National Cancer Institute (CNCI) research, done at the department of immunoregulation and immunodiagnostics, has identified a very specific group of damaged immune cells — terminally exhausted CD8 T cells or T-TEX cells — that’s responsible for immunotherapy failure. These T-TEX cells remain unresponsive to anti-PD1 treatment and promote cancer stem cells. These cells, according to the research, are heavily present in tumours of advanced carcinoma patients, where overall immune infiltration is poor.

“Before the administration of the expensive therapy, the patients need to be screened for the percentage of T-TEX and immune infiltration. If a patient is found to have elevated T-TEX along with low immune infiltration, PD1 therapy will not work,” said Rathindranath Baral, one of the authors and former head of Immunoregulation and

Immunodiagnostics, CNCI.

Anamika Bose, a specialist in tumour immunology and immunotherapy, said screening for additional markers before immunotherapy could make a difference. “Immunotherapy is not only expensive but also causes toxicity, whereas the therapy does not benefit all cancer patients. This finding is significant because we can identify which patients the therapy will benefit. This will save patients who do not require the therapy from the associated toxicity and financial burden,” said Bose, an assistant professor at NIPER, Mohali.

The research team hopes their study would ensure that the right patients receive proper immunotherapy. A major part of the investigation was done by research scholar Mohona Chakravarti and supervised by Bose. It also got collaboration from Dipak Datta, associate professor, CDRI, Lucknow. The study included breast and ovarian cancer patients over the past five years with patronage from CNCI director Jayanta Chakrabarti.

কেমোথেরাপি পুতিনের, দাবি – আনন্দবাজার পত্রিকা, 15th April 2023



সহজেই ছড়ানো ভাইরাস ক্যান্সারের কারন হতে পারে - আজকাল, 17th April

2023

সহজেই ছড়ানো ভাইরাস ক্যান্সারের কারণ হতে পারে

সংবাদ সংস্থা

দিল্লি, ১৬ এপ্রিল

গবেষণায় দেখা গেছে যে এপস্টাইন-বার ভাইরাস (ইবিভি) কীভাবে সহজেই শরীরের ফ্লুইড বা তরলগুলোর মাধ্যমে ছড়িয়ে পড়ে। এই ভাইরাস শুধুমাত্র ক্যান্সার ঘটানোর জন্য জিনোমিক দুর্বলতাকেই কাজে লাগায় না, এই ভাইরাসকে যাতে দমন করা না যায়, সে জন্য শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতাও কমিয়ে দেয়। ইউনিভার্সিটি অফ ক্যালিফোর্নিয়ার গবেষকরা বলেছেন যে বিশ্বের জনসংখ্যার ৯০ শতাংশেরও বেশি সাধারণত শৈশবেই ইবিভি-তে সংক্রামিত হয়েছে। তবে বেশিরভাগ সংক্রমণই হালকা গোছের। এই ভাইরাস কখনও শরীরে থেকে গিয়ে সুপ্ত বা নিষ্ক্রিয় হয়ে যায়, কখনও কখনও ফের সক্রিয় হয়। ইবিভি সাধারণত লালা, চুষন, একই খাবারের পাত্র একাধিক মানুষ ব্যবহার করলে সহজেই ছড়িয়ে পড়ে। মানুষের ২৩ জোড়া ক্রোমোজোমের মধ্যে একটি হল ক্রোমোজোম-১১। মানুষের ক্রোমোজোমে সাধারণত দুটি সেট থাকে। ১১ নং ক্রোমোজোমে ১ কোটি ৩৫ লক্ষ ডিএনএ তৈরির মূল উপাদান থাকে, যা কোষে অবস্থিত

মোট ডিএনএ-র ৪ থেকে ৪.৫%। এই ইবিএনএ-১ এমন একটা ভাইরাল প্রোটিন যা ইবিভি সংক্রামিত কোষেও টিকে থাকে। সাধারণভাবে মানবদেহে ৯০ শতাংশ ক্যান্সারই ঘটে পি-৫৩ জিনের মিউটেশনের ফলে। রাত ক্যান্সারের ক্ষেত্রে এমন ঘটনা মাত্র ১১ শতাংশ। পি-৫৩ সৃষ্টি একটি বিশেষ প্রোটিন মানবদেহে ক্যান্সার আক্রান্ত কোষগুলিকে ধ্বংস করে এবং কলা তৈরিতে সহায়তা করে। কিন্তু পি-৫৩-র মিউটেশন হলে ওই প্রোটিনটি উৎপন্ন হতে পারে না।

ক্যান্সারে বাদ জিভ, তবুও কথা বললেন ব্রিটিশ মহিলা - আজকাল, 17th April 2023

ক্যান্সারে বাদ জিভ, তবুও কথা বললেন ব্রিটিশ মহিলা

সংবাদ সংস্থা

দিল্লি, ১৬ এপ্রিল

জেমা উইকস। বয়স তাঁর ৩৭। জাতিতে ব্রিটিশ। ৬ বছর ধরে খুঁটিনাটি সমস্যা লেগেই ছিল জিভে। লক্ষ্য করছিলেন জিভের পাশে সাদা দাগ দেখা যাচ্ছে। ধীরে ধীরে সেটা থেকেই তৈরি হয় বড় গর্ত। বেদনা আর সহ্য করতে না পেরে ডাক্তারের শরণাপন্ন

হলে জেমাকে বলা হয় ক্যান্সার হয়েছে মুখ এবং ঝড়ে। গড়িয়ে গেছে স্টেজ ৪-এ। চিকিৎসকেরা বলেন অস্ত্রোপচার করে বাদ দিতে হবে জিভের নব্বই ভাগ। অস্ত্রোপচারের সময় ডাক্তাররা তাঁর বাহু থেকে টিস্যু গ্রাফ্ট ব্যবহার করে জেমার জিভ আবার তৈরি করে দেন। জেমাকে আগেই বলা হয়েছিল, তিনি আর কখনোই কথা বলতে পারবেন না। কিন্তু যাবতীয় ভবিষ্যদ্বাণী নস্যাৎ করে

অস্ত্রোপচারের মাত্র কয়েক দিন পরেই তাঁর সঙ্গী এবং মেয়ে তাঁকে দেখতে এলে তিনি তাঁদের ‘হ্যালো’ বলেন। জেমা প্রাথমিকভাবে অপারেশনের পরে মোটেও কথা বলতে পারেননি। অস্ত্রোপচারের ক’দিন পর যখন তিনি ‘হ্যালো’ বললেন, তিনি বুঝলেন তা আগের মতো স্বাভাবিক শোনাচ্ছে না, কিন্তু কথা যে বলতে পেরেছেন, তিনি তাতেই খুশি।

Govt spends ₹200cr for treatment under Swasthya Sathi scheme – The Statesman, 20th April 2023

The Statesman

KOLKATA, THURSDAY 20 APRIL 2023



Govt spends ₹200cr for treatment under Swasthya Sathi scheme

STATESMAN NEWS SERVICE
KOLKATA, 19 APRIL

The Bengal government spent more than Rs 200 crore in 2022-23 to cure patients having Swasthya Sathi card and suffering from heart ailments, cancer and knee problems in 2022-23.

A senior official of the health department said most of the money was spent on people suffering from heart problems.

As many as 12,372 critical patients underwent angioplasty, costing Rs 71.30 crore. Around 3,050 patients underwent angioplasty at Rs 12.21 crore. Bypass surgery (on pumps) was conducted on 5,903 patients at Rs 60 crore. Radiotherapy or chemotherapy was conducted on 4,941 patients at Rs 42.30 crore. Joint knee replacement was done at Rs 23.59 lakh.

Manjula Bauri, a resident of Baruipur in South 24-Parganas said she was suffering from tongue cancer and beat the disease because of Swasthya Sathi card. Tulu Hembram of Jhargram got her valve in the heart replaced with the help of Swasthya Sathi card.

A senior official of the state health department said difficult and costly surgeries like angioplasty, valve replacement, installation of pacemakers and bypass surgery were done free-of-cost under the Swasthya Card scheme.

“In West Bengal, treatment in state-run hospitals is free. The patients get the best treatment and the patients are being looked after properly. It is because of the facilities available now, the state-run hospitals are flooded with people. “The government has given emphasis on the treatment of cancer patients and a building is coming up opposite the SSKM hospital. The SSKM hospital has been chosen as the global centre to carry out an experiment with fast detection of breast cancer.”

রক্তের ক্যানসারে আক্রান্ত শিশু রোগীদের চিকিৎসায় ফেরাতে এন আর এসে উদ্যোগ -
আনন্দবাজার পত্রিকা , 26th April 2023

রক্তের ক্যানসারে আক্রান্ত শিশু রোগীদের চিকিৎসায় ফেরাতে এন আর এসে উদ্যোগ

নিজস্ব সংবাদদাতা

রক্তের ক্যানসারে আক্রান্ত অন্তত হাজার দুয়েক শিশু প্রতি মাসে নীলরতন সরকার মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসা করাতে আসে। কিন্তু, পুরোদমে চিকিৎসা শুরুর আগেই বেপাত্তা হয়ে যায় অনেকে। আবার, তাদের একটা বড় অংশ কয়েক বার আসার পরে আচমকাই চিকিৎসা বন্ধ করে দেয়। সেই অবস্থার বদল ঘটাতে এ বার এন আর এসের সঙ্গে হাত মেলালেন ক্যানসার নিয়ে কাজ করা একটি স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্যেরা।

মঙ্গলবার এন আর এসের বহির্বিভাগের দোতলায় চালু হল

ওই সংগঠনের সহায়তা কেন্দ্র। সেটি উদ্বোধনের পরে ওই হাসপাতালের রোগী কল্যাণ সমিতির চেয়ারম্যান, সাংসদ চিকিৎসক শান্তনু সেন বলেন, “রক্তের ক্যানসারের চিকিৎসা করাতে আসা শিশুদের ৫০ থেকে ৬০ শতাংশের পরিবার মাঝপথেই চিকিৎসা বন্ধ করে দেয়। সেখানে সেতুবন্ধনের কাজ করবে এই সংগঠন। পাশাপাশি, সুস্থ হওয়ার পরে একটি শিশুকে পুনরায় স্কুলে ভর্তি করা থেকে শুরু করে অন্যান্যভাবেও প্রয়োজনে পুনর্বাসনের ব্যবস্থা করবে তারা।” হাসপাতালের অধ্যক্ষ পীতবরণ চক্রবর্তীও জানাচ্ছেন, রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে রক্তের ক্যানসারের বহু রোগী চিকিৎসা

করাতে এলেও মাঝপথে হারিয়ে যায়। তাঁর কথায়, “এই প্রচেষ্টার মাধ্যমে সেই প্রবণতার ১০ শতাংশ কমাতে পারলেও অনেকটা উপকার হবে।”

স্বেচ্ছাসেবী সংগঠনটির ক্যানসার সচেতনতা ও নিয়ন্ত্রণ কমিটির চেয়ারম্যান পার্থ সরকার জানান, এসএসকেএমেও তাঁরা এমন সহায়তা কেন্দ্র খুলেছেন। যাতে প্রত্যন্ত জেলা থেকে আসা মানুষেরা ক্যানসারের চিকিৎসার নামে দালালের খপ্পরে পড়ে প্রতারিত না হন। পার্থ আরও বলেন, “এন আর এসে চিকিৎসা করাতে আসা শিশুদের তথ্য দেখে, পরবর্তী চেকআপের আগেই তাদের ফোন করা হবে। তখন যদি দেখা যায় কেউ আসতে চাইছেন না, তা হলে তার কারণ জেনে সেই মতো ব্যবস্থা করা হবে।”

তাঁরা জানাচ্ছেন, প্রয়োজনে বাড়ি থেকে আসার বন্দোবস্তও করে দেওয়া হবে। আবার, সরাসরি সহায়তা কেন্দ্রে যোগাযোগ করলে যে কোনও পরীক্ষা, ওষুধপত্র-সহ অন্যান্য বিষয়েও বন্দোবস্ত করা হবে। এর উদ্দেশ্য, মাঝপথে কেউ যেন চিকিৎসা বন্ধ না করে। তবে রোগীর পরিজনের হাতে কোনও টাকা দেওয়া হবে না।

স্বল্প ব্যয়ে ক্যানসারের চিকিৎসায়- আনন্দবাজার পত্রিকা, 28th April 2023

স্বল্প ব্যয়ে ক্যানসারের চিকিৎসায়

নিজস্ব সংবাদদাতা

পার্শ্বপ্রতিক্রিয়া কিংবা খরচের কথা ভেবে অনেকেই মাঝপথে ক্যানসারের চিকিৎসা বন্ধ করে দেন। কিন্তু চিকিৎসার ফলাফল পেতে শেষ পর্যন্ত অপেক্ষা করা প্রয়োজন। তার জন্যই কম খরচে কীভাবে অত্যাধুনিক যন্ত্রের ব্যবহারে চিকিৎসা পরিষেবা পাওয়া যায়, তা নিয়ে বৃহস্পতিবার এক আলোচনাসভার আয়োজন করেছিল হাওড়ার নারায়ণা সুপারস্পেশ্যালিটি হাসপাতাল।

ক্যানসার শল্য চিকিৎসক গৌতম মুখোপাধ্যায় জানান, অস্ত্রোপচার, রেডিয়েশন, কেমোথেরাপি এবং অঙ্কো-প্যাথলজি— সবই একে অপরের পরিপূরক। সবগুলিকে এক ছাতার নীচে এনে যদি রোগীর চিকিৎসার ব্যবস্থা করা যায়, তা হলে তার ফল অনেক ভাল হয়। রেডিয়েশন অঙ্কোলজিস্ট সুমন মল্লিক জানান, হাওড়ার এই হাসপাতালে অত্যাধুনিক যন্ত্রের সাহায্যে রেডিয়েশনের সময়েই সিটি স্ক্যানের মাধ্যমে ক্যানসার আক্রান্ত কোষকে আরও নির্দিষ্ট ভাবে চিহ্নিত করা যাবে। তাতে আশপাশের টিসু বা কোষের ক্ষতি হবে না।

Date: 28/04/2023

ক্যান্সার দমনে নতুন প্রযুক্তি- এইসময়, 28th April 2023

ক্যান্সার দমনে নতুন প্রযুক্তি

এই সময়: আধুনিক ক্যান্সার চিকিৎসায় এখন বিভিন্ন আঙ্গিকে অত্যাধুনিক প্রযুক্তির ব্যবহার হচ্ছে। এবার তেমনই একটি প্রযুক্তি আত্মপ্রকাশ করল হাওড়ার নারায়ণা সুপার স্পেশালিটি হাসপাতালে। অত্যাধুনিক সেই প্রযুক্তিটি হলো— টু-বিম ও ফোর্থ ডাইমেনশনাল সিটি স্ক্যান। ওই বেসরকারি হাসপাতালের দাবি, পূর্ব ভারতে এই পরিষেবা তারাই প্রথম আনল। এর সাহায্যে ক্যান্সার-আক্রান্ত কোষকে আরও পুঙ্খানুপুঙ্খ ভাবে চিহ্নিত করা যেমন সম্ভব হবে, তেমনই নিখুঁত চিকিৎসার মান বাড়বে।

**April
2023**

Newspaper Clips



**Chittaranjan National Cancer Institute
CNCI Library**